

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০২.১৮- ৭৭

তারিখ: ৩৮ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩; তারিখ: ০৫/০৫/২০১৩ খ্রিঃ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০৩.০০০০.১১৪.০২.০০১.২০১১-১৩৩; তারিখ: ০৯/০৭/২০১৫ খ্রিঃ এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তরের স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.১৮-৯৮৫; তারিখ: ২৩/০৯/২০১৮ খ্রিঃ মূলে গঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ মোতাবেক নিয়োগ বিধি ও প্রচলিত অন্যান্য বিধি অনুসারে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর স্কেল ৯,৩০০-২২,৪৯০ টাকা (১৬তম গ্রেড) ও অন্যান্য প্রচলিত ভাতাদিসহ নিম্নবর্ণিত প্রার্থীকে অত্র অধিদপ্তরের “অফিস সহকারী” এর শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো :

ক্রঃ নং	মেধা ক্রম	নাম	পিতা/স্বামী ও মাতার নাম	স্থায়ী ঠিকানা		জন্ম তারিখ	শিক্ষাগত যোগ্যতা	পদায়নকৃত কর্মস্থল
				গ্রাম ও ডাকঘর	উপজেলা/ থানা ও জেলা			
১	১	মোঃ সাজ্জাদুর রহমান	পিতা-মোঃ আকরামুল হক মাতা-সাজেদা বেগম	দক্ষিণ মধুপুর কাজীরহাট	বদরগঞ্জ রংপুর।	৩১/১২/১৯৯২	স্নাতকোত্তর	আনসার ডিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

২। নিয়োগের শর্তাবলী :

- (ক) নিয়োগকৃত প্রার্থীকে আগামী ১০/০২/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচিত হবেন এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- (খ) চাকুরীতে যোগদানের সময় নিম্নলিখিত কাগজপত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করতে হবে (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যোগদানের ০১ মাসের মধ্যে কাগজপত্র সদর দপ্তর রেকর্ড শাখায় প্রেরণ করবেন) :
 - (১) প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত যোগদান পত্র;
 - (২) নিয়োগ পত্রের সাথে সংযুক্ত অঙ্গীকারনামা (পূরণকৃত);
 - (৩) স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র (উপ-পরিচালক (চিকিৎসা), সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা/সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত);
 - (৪) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি;
 - (৫) সকল শিক্ষাগত যোগ্যতার মূল ও সত্যায়িত সনদপত্র (মূল সনদপত্র ফেরতযোগ্য);
 - (৬) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- (গ) চাকুরীতে যোগদানকৃতদের যথাসময়ে ‘পুলিশ ভেরিফিকেশন’ সম্পন্ন করা হবে এবং উক্ত ‘ভেরিফিকেশন রিপোর্টে’ কোনরূপ নেতিবাচক/বিরূপ তথ্য পাওয়া গেলে সংশ্লিষ্ট ব্যক্তিকে তাৎক্ষণিকভাবে চাকুরী হতে অব্যাহতি প্রদানসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ঘ) দাখিলকৃত তথ্য, মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য সনদ ও যাবতীয় কাগজপত্র ভুল বা অসত্য প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে চাকুরী হতে অব্যাহতি দেওয়া হবে এবং বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ঙ) নিয়োগ তালিকার ক্রমানুযায়ী চাকুরীর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
- (চ) যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছর শিক্ষানবীশকাল হিসাবে গণ্য হবে। শিক্ষানবীশকালীন “অফিস সহকারী” পদ সংক্রান্ত যে কোন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণপূর্বক সফলতার সাথে কোর্সসমূহ সম্পন্ন করতে বাধ্য থাকবেন; অন্যথায় চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে।

- (ছ) চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- (জ) উপরোল্লিখিত শর্তাবলী ছাড়াও নিজ কর্মস্থলের প্রচলিত সকল নিয়ম-কানুন/রীতি-নীতি মেনে চলতে বাধ্য থাকবেন।
- (ঝ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে।

৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো, যা নিয়োগকৃতদের পদায়নকৃত কর্মস্থলে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।




কর্নেল মোঃ কামাল হোসেন, পিএসসি, জি
উপ-মহাপরিচালক (প্রশাসন)

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০২.১৮- ৭৭

তারিখঃ ০৬ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২০ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

- ১। মহাপরিচালক মহোদয়ের সচিবালয়, সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ৩। কমান্ড্যান্ট, আনসার ডিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
- ৪। উপ-মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল)
.....।
- ৫। পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল)
.....।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, (সংশ্লিষ্ট)।
- ৮। উপ-পরিচালক, জেলা কমান্ড্যান্ট ও ব্যাটালিয়ন অধিনায়ক
..... (সংশ্লিষ্ট)।
- ৯। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
..... (সংশ্লিষ্ট)।
- ১০। বাজেট ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
১১।  শাখা (সকল)
সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ১২। জনাব
স্থায়ী ঠিকানাঃ
.....।
- ১৩। দপ্তর/মূল/ব্যক্তিগত নথি।



উপ-মহাপরিচালক (প্রশাসন)